**FARUQUE HASSAN**
**PRESIDENT**

**Bangladesh Garment Manufacturers & Exporters Association**
*"Made in Bangladesh with Pride"*

বিজিএ/কাস/২০২২/১৫৪

২০ জুলাই, ২০২২

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ সকল ধরনের ব্যাক টু ব্যাক এলসি (ফরেন/লোকাল/ইপিজেড) ইউডির অন্তর্ভুক্ত করন প্রসঙ্গে।**

সূত্রঃ

ক) বিজিএমইএ'র বিজ্ঞপ্তি নং ঃ বিজিএ/কাস/২০২২/১৯ তারিখঃ ১২/০২/২০২২ (কপি সংযুক্ত)

সম্মানিত সদস্যবৃন্দ এবং সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম,

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র বর্তমান পরিচালনা পর্ষদের ঐকান্তিক প্রচেষ্টায় এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাথে সভা অনুষ্ঠানের মাধ্যমে ইউডি বহির্ভুত ব্যাক টু ব্যাক এলসি ইউডিতে অর্ন্তভুক্ত করনের জন্য ৩০/০৬/২০২১ইং তারিখ পর্যন্ত খোলা ব্যাক টু ব্যাক এলসি এর ক্ষেত্রে সময়সীমা ৩০/০৬/২০২২ইং পর্যন্ত নির্ধারিত ছিল যা ইতোমধ্যে অতিবাহিত হয়েছে।

বিজিএমইএ'র সম্মানিত সদস্যদেরকে সকল ধরনের ব্যাক টু ব্যাক এলসি (ফরেন/লোকাল/ইপিজেড) ইউডি'তে অন্তর্ভুক্ত করার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। অন্যথায় বন্ড কমিশনারেট কর্তৃক ভ্যাট দাবীনামার সম্মুখীন হতে হবে।

সম্মানিত সদস্যদেরকে সকল ধরনের ব্যাক টু ব্যাক এলসি ইউডিতে অন্তর্ভুক্ত করার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

**ফারুক হাসান**
সভাপতি



CamScanner

Bangladesh Garment Manufacturers
& Exporters Association
"Made in Bangladesh with Pride"

FARUQUE HASSAN
PRESIDENT

বিজ্ঞপ্তি নংঃ বিজিএ/কাস/২০২২/১৯ তাং ১২/০২/২০২২ইং

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ইউডি সংশোধনের সময় বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্রঃ
ক) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.২০১৭/২৯০(৩), তারিখঃ ১৮/১০/২০২১খ্রিঃ
খ) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.২০১৭/৫০(৩), তারিখঃ ০৯/০২/২০২২খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দ এবং সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম,

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র বর্তমান পরিচালনা পর্ষদের ঐকান্তিক প্রচেষ্টায় এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাথে সভা অনুষ্ঠানের মাধ্যমে সূত্রোক্ত 'খ' আদেশ জারী করানো হয়েছে। আদেশ মোতাবেক যে সকল প্রতিষ্ঠান গত ৩০/০৬/২০২১ইং তারিখ পর্যন্ত খোলা ব্যাক টু ব্যাক এলসি ইউডি'তে সংযোজন করতে সক্ষম হয়নি, তাদের ক্ষেত্রে সূত্রোক্ত 'খ' আদেশের মাধ্যমে ৩০/৬/২০২২ইং পর্যন্ত সময় প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

সকল সদস্যদের'কে উক্ত সময়ের পূর্বেই বিজিএমইএ'র ঢাকা ও চট্টগ্রামের কাস্টমস শাখা হতে প্রয়োজনীয় ইউডি সংশোধন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। এ বিষয়ে সহযোগীতার জন্য (১) সৈয়দ শাহ্ আবু মোসায়েব, সিঃ সহকারী সচিব, বিজিএমইএ, ঢাকা ফোনঃ ০১৫৫২৪৭২২৮৬ (২) মোঃ মহসীন মিয়া, সহকারী সচিব, বিজিএমইএ, ঢাকা ফোনঃ ০১৮৫৯৯৯২২৪৭, এবং (৩) মোহাম্মদ আব্দুল আজিজ চৌধুরী, অতিরিক্ত সচিব, বিজিএমইএ, চট্টগ্রাম কার্যালয়, ফোনঃ ০১৭১১১৬৪৫৯৮ প্রমুখ কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে। উল্লেখ্য যে, বিজিএমইএ হতে উক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড'কে সময় বাড়ানোর জন্য পুনরায় অনুরোধ করার সুযোগ নাই।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

D/Safiq/Circular/UD Shomoy shuru



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

**অফিস আদেশ**

নথি নং-০৮.০১.০০০০.৫৫.০১.০০২.২০১৭/২৭১(৮) তারিখ: ১৮/১০/২০২১ খ্রি:।

বিষয়: বিজিএমইএ ও বিকেএমইএ এর সাথে ১৬/০৯/২০২১ খ্রি: তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিগত ১৬/০৯/২০২১ তারিখে বিজিএমইএ এবং বিকেএমইএ এর সাথে রপ্তানি সংশ্লিষ্ট কতিপয় বিষয় নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভার পরিপ্রেক্ষিতে নিম্নের বিষয়াদি পরিপালন করার জন্য বলা হলো:

১। শতভাগ রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠানসমূহের ৩০/০৬/২০২১ পর্যন্ত সংশোধিত ইউডিতে অন্তর্ভূক্ত এক্সেসরিজ নিম্নোক্ত শর্তে রপ্তানি হিসাবে গণ্য হবে:

(ক) সংশোধিত ইউডিতে ব্যাক-টু-ব্যাক এলসির তথ্য থাকতে হবে;
(খ) প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের তথ্য ইউডিতে থাকতে হবে;
(গ) সংগৃহীত কাঁচামালের বিবরণ ইউডিতে থাকতে হবে;
(ঘ) রপ্তানির স্বপক্ষে শিপিং বিল, Exp, PRC দাখিল করতে হবে।

২। বিজিএমইএ কর্তৃপক্ষ অনলাইনে (online) ইউডি দাখিল (Submit) করলেও বিকেএমইএ Online এ ইউডি দাখিল করতে পারেনি। এমতাবস্থায়, আগামী ০১/০১/২০২২ খ্রি: তারিখ থেকে বিকেএমইএ-কে Online এ ইউডি Submit করার জন্য বলা হলো।

৩। ইউডি-তে পরিমাপ হিসেবে গজ/মিটার উল্লেখ থাকে। অপরদিকে Bangladesh Customs Tariff (BCT) এ Statistical Unit এ কেজি থাকে। এমতাবস্থায়, ইউডিতে মিটার/গজের পাশাপাশি কেজি উল্লেখ করার জন্য বলা হলো।

৪। The Customs Act, 1969 এর Section-219B এ প্রদত্ত ক্ষমতাবলে, এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

১৮/১০/২২

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক :

১-২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
৩। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ ভবন, বাড়ি নং-৭/৭ এ, ব্লক নং-এইজ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
৪। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, ১৩/এ সোনারগাও রোড, বাংলামটর, ঢাকা।

C:\Bond Shakha Document\Head-01\Letter\01.002.17.Doc

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

**অফিস আদেশ**

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.২০১৭/ ৫০ (৮) তারিখ: ০৯ /০২/২০২২ খ্রি:।

বিষয়: ইউডি সংশোধনের সময় বৃদ্ধি

সূত্র: ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০১.০০২.২০১৭/২৯০, তারিখ: ১৮/১০/২০২১ খ্রি:।
২। কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর পত্র নং-৫(১৩)১০২/কাস-বন্ড/বিবিধ/২০১৪/১৫৫৯৪, তারিখ: ২১/১২/২০২১ খ্রি:।
৩। বিজিএমইএ এর পত্র নথি নং-বিজিএ/কাস/২০২২/২৬৫, তারিখ:০৯/০১/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ Pandemic জনিত কারণে বিজিএমইএ ও বিকেএমইএ এর অনেক প্রতিষ্ঠান ব্যাক টু ব্যাক এলসি ইউডিতে যথাযথভাবে অন্তর্ভূক্ত না করায় জাতীয় রাজস্ব বোর্ড থেকে সূত্রীয় ১ নং পত্রের মাধ্যমে ৩০/০৬/২০২১ পর্যন্ত ইউডি সংশোধনের সুযোগ প্রদান করা হয়। সীমিত সংখ্যক প্রতিষ্ঠান উক্ত সময়ের মধ্যে ইউডি সংশোধন করতে সক্ষম না হওয়ায় ৩০/০৬/২০২১ তারিখের পূর্বে প্রতিষ্ঠিত বিবিএলসিসমূহ বিজিএমইএ ও বিকেএমইএ কর্তৃক ইউডিতে সংশোধনের জন্য ৩০/০৬/২০২২ খ্রি: পর্যন্ত বর্ধিত করা হলো। তবে, শর্ত থাকে যে সূত্রীয় ১ নং পত্রের বর্ণিত সকল শর্তসমূহ পরিপালন করতে হবে।

০২। The Customs Act, 1969 এর Section-219B এ প্রদত্ত ক্ষমতাবলে, এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

৯/২/22

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:
১-২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
৩। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ ভবন, বাড়ি নং-৭/৭ এ, ব্লক নং-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
৪। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, ১৩/এ সোনারগাও রোড, বাংলামটর, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.৫০.০১.০০২.২০১৭/ তারিখ: ০৯/০২/২০২২ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য
১। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
২। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩-৪। অফিস কপি/ গার্ড কপি।

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

C:\Bond Shakha Document\Head-01\Letter\01.002.17.Doc

Scanned with CamScanner

Scanned with CamScanner

CamScanner